বিলাইছড়ি উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
www.belaichari.rangamati.gov.bd

মে/২০২৩ মাসের বিলাইছড়ি উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন/সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব বীরোত্তম তঞ্চঙ্গ্যা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২২ মে ২০২৩

সময় : সকাল ১০:০০ ঘটিকা, সোমবার

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

[উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য]

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করা হলে তিনি সভা পরিচালনা করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পঠিত কার্যবিবরণীতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, 'মা ও শিশু সহায়তা' কর্মসূচির আওতায় কেংড়াছড়ি ইউনিয়নে ৬০ জনের স্থলে ০৬ জন হবে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সংশোধনী প্রস্তাব গৃহীত হয় এবং সভার কার্যবিবরণীর অপরাপর অংশ সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগ অনুযায়ী আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিভাগ অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:<br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। তন্মধ্যে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ৬টি প্যাকেজের মধ্যে ১টি প্যাকেজের কাজ সমাপ্ত এবং বাকী ৫টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ১৫টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। সীমিত দরপত্রের মাধ্যমে ১২টি প্রকল্পের মধ্যে ১০টি সমাপ্ত এবং বাকী ০২টির কাজ চলমান রয়েছে।<br>পিইডিপি-৪ এর আওতায় ২৬টি প্যাকজের মধ্যে ৭টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। তন্মধ্যে ৫ প্যাকেজের প্রকল্পের কাজ কাপ্তাই হ্রদে পানি না থাকায় শুরু করা যাচ্ছে না। হ্রদে পানি হলে মালামাল পরিবহন করা গেলে কাজ শুরু করা হবে। অন্যান্য প্যাকেজের কাজ চলমান আছে।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, বিলাইছড়ি বাজার হতে কাপ্তাই পর্যন্ত রাস্তার উন্নয়ন কাজটির মালামাল পরিবহনের অসুবিধার কারণে কাজের গতি ধীর হয়েছে। কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য ঠিকাদারকে তাগিদ দেওয়া হয়েছে। উক্ত সংযোগ সড়কে কোথায় কোথায় গার্ড ওয়াল হচ্ছে এবং এগুলো দৈর্ঘ্য প্রস্থ কত এগুলোর তালিকা নেওয়ার জন্য অনুরোধ করা হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | সিদ্ধান্ত-১:<br>প্রকল্পের কাজের গুনগত মান অক্ষুন্ন রেখে প্রকল্পের কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ও চেয়ারম্যান, ইউপি (সকল) বিলাইছড়ি |
| ০২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের কার্যক্রম যথানিয়মে চলছে। বরাদ্দের অনুমোদনের সাপেক্ষে উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা হবে। আগামী বরাদ্দের জন্য প্রকল্প নির্বাচন করা যেতে পারে বলে মত প্রকাশ করেন। | সিদ্ধান্ত-২:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, ইউজিডিপি, বিলাইছড়ি |

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৩ | <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:</u><br>উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৯টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণ কাজের অগ্রগতি ৯৫%। ২০২২-২০২৩ অর্থ বছরের ৬৩টি নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে।<br>এছাড়া উপজেলা পরিষদের মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল, বিলাইছড়ি এর ব্যবস্থাপনায় পানি সরবরাহ করার জন্য ব্যবহৃত মিটারের বিদ্যুৎ বিলের সুদ বৃদ্ধি পাচ্ছে। সুদ মওকুফ ও বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যাপারে বকেয়া পানির বিলের বিস্তারিত তদন্ত প্রতিবেদন প্রণয়ন করার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)—কে অনুরোধ জানানো হয়। পাম্প হাউজে সংযোগকৃত বিদ্যুৎ সংযোগটি সাময়িক বন্ধ রাখার জন্য আবাসিক প্রকৌশলী, বিউবো, লিচুবাগান, চন্দ্রঘোনাকে অনুষ্ঠানিক পত্র প্রেরণ করার জন্য বলা হয়। | সিদ্ধান্ত-৩ :<br>গ্রাহকের বকেয়া পানির বিল ও বিদ্যুৎ বিলের সুদ মওকুফ এবং পাম্প হাউজের বিদ্যুৎ সংযোগ সাময়িক বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিলাইছড়ি |
| ০৪ | <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,<br>১। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-চাল) কর্মসূচি (২য় পর্যায়) এর আওতায় ৩৪.৯৭১৭ মে: টন চাউল বরাদ্দের বিপরীতে ০৬টি প্রকল্পের কাজের অগ্রগতি ১০০%।<br>২। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-গম) কর্মসূচি (২য় পর্যায়) এর আওতায় ৬৯.৯৪৩৩ মে. টন গম বরাদ্দের বিপরীতে ১২টি প্রকল্পের কাজের অগ্রগতি ১০০%।<br>৩। ২০২২-২৩ অর্থ বছরে কাবিটা প্রকল্পের আওতায় ৫২,৩৮,৪০০/- টাকা দ্বারা ২৮টি প্রকল্পের কাজের অগ্রগতি ১০০%।<br>৪। ২০২২-২৩ অর্থ বছরে টিআর কর্মসূচির আওতায় ১৭,৫৫,২১০.২৮ টাকা দ্বারা ১০টি প্রকল্পের কাজ এর অগ্রগতি ১০০%।<br>৫। ২০২২-২৩ অর্থ বছরে ইজিপিপি কর্মসূচির আওতায় ৩৫৯ জন উপকারভোগীর বিপরীতে ১৩টি প্রকল্প কাজের অগ্রগতি ৭০%।<br>৬। ২০২২-২৩ অর্থ বছরে মৎস্যজীবিদের জন্য ভিজিএফ বরাদ্দ ২১.৫৪০ মে. টন বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগীর সংখ্যা ১০৭৭ জন। উপকারভোগীর হালনাগাদ তালিকা প্রদান করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ করা হয়।<br>৭। জিআর কর্মসূচির আওতায় কেংড়াছড়ি বাজারে অগ্নিকান্ডের ঘটনায় ৬০ জন ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীদের মাঝে ৩০.০০ কেজি হারে ১.৮০ মে. টন চাউল এবং ৫৭ জন ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীর মাঝে ৫০০০/- টাকা হারে ২,৮৫,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।<br>৮। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের আওতায় ফারুয়া ইউনিয়নে ১.০০ কিঃমিঃ রাস্তার কাজ শতভাগ সম্পন্ন হয়েছে।<br>৯। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তায় কম-বেশি ১৫ মিটার ব্রীজ/কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় ফারুয়া ইউনিয়নে ০২টি ব্রীজ নির্মাণের জন্য ইজিপি টেন্ডারে মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। | সিদ্ধান্ত-৪ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিলাইছড়ি |
| ০৫ | <u>উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর:</u><br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান,<br>১। উপজেলায় ২৭২.০০ হেক্টর জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। বর্তমানে | সিদ্ধান্ত-৫:<br>১। বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার | উপজেলা কৃষি কর্মকর্তা, বিলাইছড়ি |

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | বোরো ধানের সাধারণ শস্য কর্তন চূড়ান্ত পর্যায়ে। বীজ ধান সংরক্ষণের জন্য কৃষক পর্যায়ে পরামর্শ চলমান রয়েছে।<br>২। উপজেলায় খরিপ-১/২৩ মৌসুমে আধুনিক আউশ ধান বীজ সংগ্রহ ও বপন/আবাদ করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে।<br>৩। উপজেলায় কৃষকদের কৃষি জমির মাটির উর্বরতা বৃদ্ধির লক্ষ্যে কম্পোষ্ট, জৈব সার, খামার জাত সার, সবুজ সার উৎপাদন ও ব্যবহারের পরামর্শ প্রদান করা হচ্ছে। কীটনাশক মুক্ত ও পরিবেশ বান্ধব ফসল উৎপাদনের জন্য প্রযুক্তি ভিত্তিক পার্চিং, জৈবিক বালাই নাশক ও সেক্স ফেরোমন ট্র্যাপ ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধকরণের কাজ চলমান রয়েছে।<br>৪। উপজেলায় ০২ (দুই) জন বিসিআইসি সার ডিলার কর্তৃক সার উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। নির্ধারিত মূল্যে সার বিক্রয়ের জন্য মূল্য তালিকা দোকানের সামনে টাঙ্গানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>৫। এ উপজেলা ১২টি কৃষি ব্লকের মধ্যে ১০ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা নিয়মিত মাঠ ফসল পরিদর্শনের মাধ্যমে ফসল উৎপাদনের জন্য কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে।<br>এছাড়া বীজ ধান প্রদর্শনীগুলোর ধান যাতে খাদ্যশস্য হিসেবে ব্যবহার না করে ধান বীজ হিসেবে উৎপাদন ও সংরক্ষণ করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করা এবং সে বিষয়ে কৃষকের সাথে চুক্তি সম্পাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে বলে জানান। | সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বীজ ধান প্রদর্শনীগুলোর ধান যাতে খাদ্যশস্য হিসেবে ব্যবহার না করে ধান বীজ হিসেবে উৎপাদন ও সংরক্ষণ করা হয় সে বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করা এবং সে বিষয়ে কৃষকের সাথে চুক্তি সম্পাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসার পাশাপাশি প্রতিষেধক টিকা ও কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে রাজস্ব আদায় ৩৫৬৫/-। পোল্ট্রি প্রতিষেধক টিকা প্রদান ৫৫০০টি এবং গবাদি পশুর প্রতিষেধক টিকা প্রদান ২০১২টি। কৃত্রিম প্রজনন ১৫টি। কোরবানির ঈদ সামনে রেখে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতাল মেডিকেল টিম গঠন করা হয়েছে। পশুর চামড়া ছাড়ানো, সংরক্ষণ এবং সরবরাহ সর্ম্পকে তথ্য প্রদান করা হবে। যে কোন সময় পশু সর্ম্পকে পরামর্শ প্রদান করবে মেডিকেল টিম। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে বলে জানান। | সিদ্ধান্ত-৬:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিলাইছড়ি |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্য সেবা প্রদানের জন্য হাসপাতালের অন্তঃবিভাগ, বর্হিবিভাগ ও জরুরি বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত-৭:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ:<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ কার্যক্রমের মধ্যে আরএসএস ১ম-৬ষ্ঠ পর্ব, আরএসএস সুদমুক্ত ক্ষুদ্রঋণ, পল্লী মাতৃকেন্দ্র, দগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম চলমান আছে। এগুলোর বিনিয়োগ ও পুনঃবিনিয়োগকৃত অর্থের পরিমাণ ২,২৩,৭০,৫০০.০০ টাকা। আদায়যোগ্য ২,৩০,৯৩,০০০.০০ টাকা। এপ্রিল/২০২৩ মাসে আদায় ২৮৮২০০ টাকা। এ পর্যন্ত মোট আদায়কৃত | সিদ্ধান্ত-৮:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিলাইছড়ি |

<table>
<tr><th>ক্রঃনং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>১,৫৪,১৮,০২০.০০ টাকা। মোট অনাদায়ী ৭৬,৭৪,৯৮০ টাকা। সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির ২০২২-২৩ অর্থ বছরে ভাতাভোগীর মধ্যে বয়স্ক ভাতাভোগী ১,৩০৮ জন এর বিপরীতে ৭৮৪৮০০০.০০ টাকা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী ৯৭৯ জন এর বিপরীতে ৫৮৭৪০০০.০০ টাকা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী ৪৯৬ জন এর বিপরীতে ৫০৫৯২০০.০০ টাকা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি ভাতাভোগী ১০ জন এর বিপরীতে ৯৩০০০.০০ টাকা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ (বয়স্ক) ভাতাভোগী ২৪ জন এর বিপরীতে ১৪৪০০০.০০ টাকা। মোট ভাতাভোগীর সংখ্যা ২,৮১৭ জন এবং মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৯০১৮২০০.০০ টাকা। ২০২২-২৩ অর্থবছরের ১ম–৩য় কিস্তি পর্যন্ত পে-রোল প্রেরণ সম্পন্ন। ৪র্থ কিস্তির পে-রোল প্রক্রিয়াধীন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯</td><td><u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন, ‘‘ভিডব্লিউবি’’ কর্মসূচির আওতায় এপ্রিল-২০২৩ মাসের ২১২৫ জন ভাতাভোগীর জন্য বরাদ্দকৃত ৬৩.৭৫ মেঃ টন খাদ্যশস্য বিতরণ সম্পন্ন করা হয়। ‘‘মা ও শিশু সহায়তা’’ কর্মসূচির আওতায় চলতি মে-২০২৩ মাস পর্যন্ত কেংড়াছড়ি ইউনিয়নে ৬২ জন, বিলাইছড়ি ইউনিয়নে ৬৫ জন, ফারুয়া ইউনিয়নে ১৬ জন এবং বড়থলি ইউনিয়নে ২০ জন করে MIS সফটওয়্যার এ এন্ট্রি দেয়া হয়েছে। পরবর্তী মাস হতে ইউনিয়নওয়ারী নির্ধারিত দুস্থ ভাতাভোগী এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দদের অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।</td><td>সিদ্ধান্ত-৯:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিলাইছড়ি</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা সমবায় বিভাগ:</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আরও নতুন সমিতি গঠন করার প্রচেষ্টা চলমান আছে।</td><td>সিদ্ধান্ত-১০:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, বিলাইছড়ি</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি অর্থ বছরের কাজের অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র</th><th>বিবরণ</th><th>২০২২-২৩ লক্ষ্যমাত্রা</th><th>এপ্রিল/২৩ অগ্রগতি</th><th>বাৎসরিক অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>১</td><td>সমিতি/দল গঠন</td><td>০৫টি</td><td>-</td><td>-</td><td>১১২টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>৫৫ জন</td><td>-</td><td>-</td><td>১,৯৬১ জন</td></tr>
<tr><td>৩</td><td>শেয়ার জমা</td><td>৫০,০০০/-</td><td>০০</td><td>২৬,০০০/-</td><td>৭৭৬০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>সঞ্চয় জমা</td><td>৩৭০০০০/-</td><td>৫০০০/-</td><td>১৬০,০০০/-</td><td>৪৮৪৮০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>১০৬০০০০০/-</td><td>৪,০০,০০০/-</td><td>৬৫৪৩০০০/-</td><td>১২১৩৭০০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>ঋণ আদায়</td><td>৯৫৪০০০০/-</td><td>২,০০,০০০/-</td><td>৫৮৭৪,০০০/-</td><td>১০৯৩৫২০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>প্রাথমিক সমিতি অডিট</td><td>৪০টি</td><td>০২টি</td><td>২৪টি</td><td>বাকি-১৭টি</td></tr>
<tr><td>৮</td><td>সার্টিফিকেট মামলা</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>৯</td><td>কোভিড-১৯ প্রণোদনা পল্লী উদ্যোক্তা</td><td>-</td><td>১২,০০০/-</td><td>১৪০০০০/-</td><td>১১৬০০০/-</td></tr>
</table>
এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td><td>সিদ্ধান্ত-১১ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
</table>

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১২ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা একাডেমিক সুপারভাইজার এসএসসি পরীক্ষা কেন্দ্রে দায়িত্বে থাকায় অনুপস্থিত। | সিদ্ধান্ত-১২ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিলাইছড়ি |
| ১৩ | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, প্রমাপ অনুযায়ী পারিদর্শন কার্যক্রম চলমান আছে। শিক্ষার্থীদের ১ম প্রান্তিকের মুল্যায়ন গত ১৮/০৫/২০২৩ খ্রি. তারিখে শুরু হয়ে আগামী ২৫/০৫/২০২৩ খ্রি. তারিখে সমাপ্ত হবে। ২০২২-২৩ অর্থ বছরে গাছকাবাছড়া দোজরিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পেত্যাছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় এর অনুকূলে ক্ষুদ্র মেরামত কার্যক্রম সম্পাদনের জন্য ২ লক্ষ টাকা করে মোট ৪ লক্ষ বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া ১ম কিস্তিতে ৫টি ও ২য় কিস্তিতে ২৮টি বিদ্যালয়সহ মোট ৩৩টি বিদ্যালয়ের জন্য ৪০ হাজার টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। উভয় ধরনের উন্নয়নমূলক কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে।<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা উপজেলা ক্রীড়া সংস্থা নির্বাচন ২০২৩ এ নির্বাচন কমিশনার হিসেবে জানান, ২০২৩-২০২৬ খ্রি. পর্যন্ত মোট ০৪(চার) বছর মেয়াদে বিলাইছড়ি উপজেলা ক্রীড়া সংস্থার কার্যনির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে আগামী ০৭/০৬/২০২৩ খ্রি. তারিখ সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ, বিলাইছড়িতে নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া সকল প্রকার সহযোগিতা করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। | সিদ্ধান্ত-১৩ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিলাইছড়ি |
| ১৪ | <u>উপজেলা রিসোর্স সেন্টার:</u><br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার এসএসসি পরীক্ষা কেন্দ্রে দায়িত্বে থাকায় অনুপস্থিত। | সিদ্ধান্ত-১৪ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিলাইছড়ি |
| ১৫ | <u>উপজেলা খাদ্য বিভাগ:</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি জানান, বর্তমানে বিলাইছড়ি খাদ্য গুদামে ৩৩৯.০০ মে. টন খাদ্যশস্য মজুদ আছে। ভিজিডি, ভিজিএফ, ওএমএস ও খাদ্য বান্ধব কর্মসূচি কার্যক্রম যথানিয়মে চলমান আছে। | সিদ্ধান্ত-১৫:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিলাইছড়ি |
| ১৬ | <u>উপজেলা নির্বাচন বিভাগ:</u><br>উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান, উপজেলা পর্যায়ে বিদ্যমান সার্ভার স্টেশন কাম নির্বাচন অফিস ভবন **Vertical** বা **Horizontal extension** অথবা অন্য কোনভাবে সম্প্রসারণ সংক্রান্ত সুস্পষ্ঠ মতামত চেয়ে নির্বাচন কমিশন অনুরোধ জানালে উপরোক্ত বিষয়ে উপজেলা প্রকৌশলী, বিলাইছড়ি বরাবর অনুরোধ জানানো হয়। উপজেলা প্রকৌশলী "ভবনটি 2 **Storied Building Foundation** হিসাবে ডিজাইন করা হয়েছে। সেই মোতাবেক ভবনের নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে। ড্রয়িং ও ডিজাইন মোতাবেক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ সম্ভব নহে" মর্মে ০৭/০৫/২০২৩ খ্রি. তারিখে পত্র দিয়ে জানানো হয়েছে।<br>নির্বাচন কর্মকর্তা সভাকে আরও অবহিত করেন যে, ভবনটির দক্ষিণপার্শ্বত স্থানে জায়গা রয়েছে সেখানে উর্ধ্বমূখী ২টি সংযুক্ত কক্ষ নির্মাণ করা যেতে পারে। এক্ষেত্রে উপজেলা পরিষদের সম্মতি প্রয়োজন হবে। | সিদ্ধান্ত-১৬:<br>উপজেলা পর্যায়ে বিদ্যমান সার্ভার স্টেশন কাম নির্বাচন অফিস ভবন **Vertical** বা **Horizontal extension** অথবা অন্য কোনভাবে সম্প্রসারণ করার জন্য গঠিত উপজেলা কারিগরি কমিটিকে আগামী ১৫ (পনের) | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিলাইছড়ি |

<table>
<tr><th>ক্রঃনং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>তিনি আরও জানান যে, নির্বাচন কমিশন হতে ভবন সম্প্রারণ সংক্রান্ত কেন্দ্রীয় পর্যায়ে, আঞ্চলিক পর্যায়ে, জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে মোট ০৪টি কারিগরি কমিটি গঠন করে পত্র প্রেরণ করা হয়েছে। যা নিম্নরূপ:<br><u>উপজেলা কারিগরি কমিটি:</u><br>১. উপজেলা নির্বাহী অফিসার -সভাপতি<br>২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি -সদস্য<br>৩. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) -সদস্য<br>৪. উপ-সহকারী প্রকৌশল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর -সদস্য<br>৫. উপজেলা নির্বাচন কর্মকর্তা -সদস্য সচিব<br><u>কার্যপরিধি:</u><br>সংশ্লিষ্ট উপজেলা সার্ভার স্টেশনসমূহ উর্ধ্বমুখী সম্প্রসারণযোগ্য কিনা তা পরীক্ষা করে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করা। এক্ষেত্রে ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণে নিম্নরুপ প্রস্তাব বিবেচনা করা যেতে পারে :<br>** ভবনের বর্তমান ভিতের উপর এক বা একাধিক ফ্লোর নির্মাণ করে উর্ধ্বমখী সম্প্রসারণ করা যায় কিনা ?<br>** অথবা ভবনের বাহির দিকে নতুন পিলার/কলাম বসিয়ে উর্ধ্বমুখী সম্প্রসারণ করা যায় কিনা ?<br>** অথবা স্টিলের স্ট্রাকচার ব্যবহার করে উর্ধ্বমুখী সম্প্রসারণ করা যায় কিনা?<br>* * অথবা উপজেলা পর্যায়ে সমন্বিত উপজেলা কমপ্লেক্স ভবনে প্রয়োজনীয় স্থান সংকুলান সম্ভব হবে কিনা?<br>** অথবা অন্য কোন উপায়ে উর্ধ্বমুখী সম্প্রসারণ করা যায় কিনা?<br>** যে ভাবেই সম্প্রসারণ করা হোক না কেন, সম্প্রসারিত অংশে জায়গার পরিমাণ (বর্গফুট) উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কাজের আর্থিক সংশ্লেষের পরিমাণ এবং কার্য-সম্পাদনের জন্য প্রয়োজনীয় সময় নির্ধারণ করতঃ প্রস্তাব প্রেরণ করা।<br>২। উল্লিখিত মাঠ পর্যায়ের আঞ্চলিক, জেলা ও উপজেলা কমিটিসমূহ-কে আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রস্তাব/প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>বিষয়টি নিয়ে উপজেলা পরিষেদের সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ের ভবনটি উর্ধ্বমুখী বা পার্শ্ব সম্প্রসারণের বিষয়ে পরিষদের সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। কারিগরি কমিটির সুপারিশ পাওয়া গেলে উর্ধ্বমুখী বা পার্শ্ব সম্প্রসারণ/ভবনের বাহির দিকে নতুন পিলার/কলাম বসিয়ে সম্প্রসারণ অথবা যেভাবেই সম্প্রসারণ করা হোক না কেন সম্প্রসারিত অংশের জায়গার বরাদ্দ প্রদানের সম্মতি প্রদান করা হয়। এ বিষয়ে কারিগরি কমিটিকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>এছাড়া উপজেলা নির্বাচন কর্মকর্তা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট কেন্দ্রের খসড়া তালিকা সভায় অবগতির জন্য উপস্থাপন করেন। ভোট কেন্দ্রগুলোতে যে সব ঘাটতি রয়েছে তা কিভাবে সমাধান করা যায় তার জন্যও কেন্দ্রগুলোর তালিকা এলজিইডি, জনস্বাস্থ্য ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দপ্তরে প্রেরণের জন্য নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রস্তাব/প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১৭</td><td><u>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড:</u><br>উপজেলা প্রকল্প ব্যবস্থাপক জানান, আগামী জুন-২০২৩ মাসের মধ্যে</td><td>সিদ্ধান্ত-১৭:<br>বিভাগীয় কার্যক্রম</td><td>উপজেলা প্রকল্প ব্যবস্থাপক,</td></tr>
</table>

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে এ্যাকশন ভিত্তিক টেকসই প্রকল্প গ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় সমীক্ষা সম্পাদন শীর্ষক প্রকল্পের আওতায় প্রাপ্ত তথ্য যাচাই এর জন্য অংশীজনদের নিয়ে কর্মশালা আয়োজন করা হবে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | এসএসএসসিএ ইচটি বিলাইছড়ি |
| ১৮ | <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ:</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, যুব প্রশিক্ষণ কার্যক্রম, যুব ঋণ বিতরণ, যুব ঋণ আদায়, খেলাপী ঋণ আদায় চলমান রয়েছে। ২২ মে ২০২৩ তারিখ হতে অনুষ্ঠিতব্য ১ মাস মেয়াদি 'গবাদি পশু পালন' বিষয়ক প্রশিক্ষণে ০৩(তিন) জন বেকার যুবক রাঙ্গামাটি যুব প্রশিক্ষণ কেন্দ্রে আবাসিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে। স্থানীয় যুব সংগঠন/ক্লাবগুলো বিধি মোতাবেক নিবন্ধনসহ উজ্জীবিত করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ওড়াছড়ি পশ্চিমপাড়া যুব ক্লাবের নিবন্ধন আবেদনের প্রেক্ষিতে নিবন্ধন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-১৮:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার ও ঋণ বিনিয়োগ নিশ্চিত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিলাইছড়ি |
| ১৯ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, এপ্রিল/২০২৩ মাসের অগ্রগতি এ উপজেলায় পরিবার পরিকল্পনা গ্রহণকারীর সংখ্যা খাবার বড়ি পুরাতন ২৪৩৬ ও নতুন ১৫ জন, কনডম পুরাতন ১৬০ ও নতুন ০৩ জন, ইজেকটেবল পুরাতন ৬২৩ ও নতুন ০৩ জন, আইইউডি পুরাতন ১২৯ ও নতুন ০২ জন, ইমপ্ল্যান্ট পুরাতন ৪৭৩ ও নতুন নাই, স্থায়ী পদ্ধতি পুরুষ পুরাতন ১৩ ও নতুন নাই এবং মহিলা পুরাতন ১৪৮ ও নতুন নাই। উপজেলায় সক্ষম দম্পতি ৪৮৮৭ জন। উপজেলায় পদ্ধতি গ্রহণকারী ৪০০৫ জন এবং গ্রহণকারী হার ৮১.৯৫%।<br>মা ও শিশু/প্রজনন স্বাস্থ্য সেবা: সাধারণ রোগী সেবা পুরুষ ১১৮ জন ও মহিলা ২৬৩ জন। আয়রন ও ফলিক এসিড বড়ি সরবরাহ কিশোরীর সংখ্যা ১০১ জন। গর্ভবতী মাকে আয়রন ফলিক এসিড এবং ক্যালসিয়াম বড়ি দেয়া হয় ৭৫ জন। ০-২৩ মাস বয়সী শিশুর মাকে আয়রন ফলিক এসিড এবং ক্যালসিয়াম বড়ি দেয়া হয় ৬২ জন। ২৪-৫৯ মাস বয়সী শিশুকে কৃমিনাশক বড়ি দেয়া হয় ২৮ জন। প্রসব সেবা দেয়া হয় ১৫ জন। | সিদ্ধান্ত-১৯:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২০ | <u>বন বিভাগ:</u><br>রেঞ্জ কর্মকর্তা, আলিখিয়ং/ফারুয়া রেঞ্জ অনুপস্থিত। | সিদ্ধান্ত-২০:<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | রেঞ্জ কর্মকর্তা, আলিখিয়ং, বিলাইছড়ি |
| ২১ | <u>জাতীয় মহিলা সংস্থা:</u><br>চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা অনুপস্থিত। | সিদ্ধান্ত-২১ :<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, বিলাইছড়ি |
| ২২ | <u>পল্লী সঞ্চয় ব্যাংক:</u><br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, সমিতি গঠন ৬৫টি, সদস্য সংখ্যা ৩০২৮ জন, সঞ্চয় আদায় ২৬১.২২ লক্ষ টাকা। চলতি অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৪৮২.০০ লক্ষ টাকা, চলতি অর্থ বছরে এপ্রিল/২০২৩ পর্যন্ত বিতরণ ৩৩৩.৫৩ লক্ষ টাকা এবং বিতরণের হার ৬৯%। চলতি অর্থ বছরের ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪৪২.০০ লক্ষ টাকা, চলতি অর্থ | সিদ্ধান্ত-২২ :<br>ঋণ আদায় ও বিতরণ নির্দেশনা মোতাবেক সমন্বয় করে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিলাইছড়ি শাখা |

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | বছরে এপ্রিল/২০২৩ পর্যন্ত আদায় ৩৭০.১১ লক্ষ টাকা এবং আদায়ের হার ৮৪%। মোট তহবিল ৮৩৮.৮৩ লক্ষ টাকা। উপজেলায় আদায়ের হার ৮৪% এবং খেলাপির হার ১৬%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ২৩ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ:<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জুরাছড়ি উপজেলায় জরুরি কাজ থাকায় অনুপস্থিত। | সিদ্ধান্ত-২৩:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ:<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা অনুপস্থিত। | সিদ্ধান্ত-২৪:<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২৫ | সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক:<br>প্রতিনিধি, সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক প্রতিনিধি অনুপস্থিত। | সিদ্ধান্ত-২৫:<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২৬ | তথ্য আপা প্রকল্প(২য় পর্যায়) :<br>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর প্রতিনিধি জানান, তথ্যকেন্দ্রে কার্যক্রম যথানিয়মে চলছে। | সিদ্ধান্ত-২৬:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২৭ | ইসলামিক ফাউন্ডেশন :<br>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুপস্থিত। | সিদ্ধান্ত-২৭:<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিলাইছড়ি |
| ২৮ | বিদ্যুৎ বিভাগ:<br>আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ এর প্রতিনিধি জানান, আসন্ন বর্ষাকে সামনে রেখে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সচল রাখার জন্য সঞ্চালন লাইন মেরামতের কাজ সম্পন্ন করা হয়েছে। সঞ্চালন লাইনের দুইপাশে বিদ্যমান গাছপালা কর্তনের পদক্ষেপ করা হয়েছে এবং দুযোর্গ পরবর্তী বিদ্যুৎ সরবরাহ দ্রুত সময়ে সচল করার জন্য জনবল নিয়োগ করা হয়েছে। বিলাইছড়িতে বিদ্যুৎতের সাব স্টেশন হওয়ায় এখানে একজন কর্মকর্তা নিয়মিত উপস্থিত থাকার ব্যাপারে আবাসিক প্রকৌশল-কে অনুরোধ জানানো হয়। | সিদ্ধান্ত-২৮:<br>বিলাইছড়িতে বিদ্যুৎতের সাব স্টেশন হওয়ায় একজন কর্মকর্তা নিয়মিত উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থাগ গ্রহণের জন্য আবাসিক প্রকৌশল-কে অনুরোধ জানানো সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ |
| ২৯ | বিবিধ-১: ওয়েব পোর্টাল সংক্রান্ত :<br>সভায় বিলাইছড়ি উপজেলার বিভিন্ন বিভাগের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ বিষয়ে সকল দপ্তরের প্রধানদের স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আপলোডসহ নিজ নিজ দায়িত্বে নিয়মিত দপ্তরের তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত-২৯(ক):<br>ওয়েব পোর্টাল এর তথ্য নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান/ কর্মকর্তা(সকল) বিলাইছড়ি |
| | বিবিধ-২: সড়ক নিরাপত্তা সংক্রান্ত:<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাজেট-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৫ এপ্রিল ২০২৩ তারিখের ১৫.০০.০০০০.০৪০.৯৯.০০২.২২.২৮১ | সিদ্ধান্ত-২৯(খ):<br>পত্রের নির্দেশনা মোতাবেক শিক্ষা | সংশ্লিষ্ট সকল |

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| | নম্বর স্মারক এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে পাঠ করে শুনানো হয়। উক্ত পত্রে সাম্প্রতিক বছরগুলোতে দেশে সড়ক দুর্ঘটনা আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাওয়ায় শিক্ষা প্রতিষ্ঠানে সড়ক নিরাপত্তা বিষয়ক আলোচনা সভা, মসজিদে সম্মানিত ইমামগণের মাধ্যমে সড়ক নিরাপত্তা বিষয়ে প্রচার এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ মডিউলে এ সংক্রান্ত সেশন অন্তর্ভুক্তকরণের জন্য পৃষ্ঠাংকন পূর্বক জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি ১৮ এপ্রিল ২০২৩ তারিখের ০৫.৪২.৮৪০০.২০৪.০৬.০১৬.২২-২১৩ নম্বর স্মারক মূলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | প্রতিষ্ঠানে সড়ক নিরাপত্তা বিষয়ক আলোচনা সভা, মসজিদে সম্মানিত ইমামগণের মাধ্যমে সড়ক নিরাপত্তা বিষয়ে প্রচার এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ মডিউলে এ সংক্রান্ত সেশন অন্তর্ভুক্তকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | <u>বিবিধ-৩: উপজেলা পরিষদ এলাকার ঝুঁকিপূর্ণ গাছ অপসারণ সংক্রান্ত:</u><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে কিছু গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে মর্মে কর্মকর্তা/কর্মচারী হতে আবেদন পাওয়া গেছে। গাছসমূহ অপসারণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। স্থানীয় সরকার বিভাগের উপ-২ শাখা এর ১৫/০৮/২০০৭ খ্রি. তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকের পরিপত্রের আলোকে ঝুঁকিপূর্ণ গাছ চিহ্নিত করে প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করার অনুরোধ করা হয়। কমিটি নিম্নরূপ:<br>১। উপজেলা নির্বাহী অফিসার -সভাপতি<br>২। জেলা প্রশাসকের প্রতিনিধি -সদস্য<br>৩। জনাব প্রনব কুমার বিশ্বাস<br>রেঞ্জ কর্মকর্তা, আলিখিয়ং রেঞ্জ -সদস্য<br>৪। জনাব সুনীল কান্তি দেওয়ান<br>চেয়ারম্যান, ১নং বিলাইছড়ি ইউপি -সদস্য<br>৫। উপজেলা প্রকৌশলী -সদস্য সচিব<br>বর্ণিত কমিটিতে একজন প্রতিনিধি মনোনয়ন করার জন্য জেলাপ্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি কর্তনযোগ্য গাছ চিহ্নিত করে প্রতিবেদন পেশ করবেন। | সিদ্ধান্ত-২৯(গ): একজন প্রতিনিধি মনোনয়ন করার জন্য জেলাপ্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৫/২৩

(বীরোত্তম তঞ্চঙ্গ্যা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
সেল: ০১৮৪৩৯২০১৫১
cuzpbelai@gmail.com

স্মারক নং: ০৫.৪২.৮৪২৯.০০০.০১.০১৭.২৩-৬৭৫

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩০
২২ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, ৩০০ পার্বত্য বান্দরবান
২। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
৩। মাননীয় সংসদ সদস্য, ২৯৯ পার্বত্য রাঙ্গামাটি
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগ
৬। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
অবগতি ও কার্যার্থে:
৮। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৯। উপজেলা ........................................ কর্মকর্তা, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১০। চেয়ারম্যান, বিলাইছড়ি/কেংড়াছড়ি/ফারুয়া/বড়থলি ইউনিয়ন পরিষদ, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১১। জনাব ........................................................, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১২। সিএ টু উপজেলা পরিষদ চেয়ারম্যান। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
১৩। সংরক্ষণ নথি

২২/০৫/২০২৩

(মো. মিজানুর রহমান)
পরিচিতি নং-১৭৪৩৯
উপজেলা নির্বাহী অফিসার
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
সেল: ০১৮৫৬৪২৪৩৮৭
unobelaichhari@mopa.gov.bd

সভা নং- ৪৮/২০২২-২৩

অদ্য ২৯/০৫/২০২৩ খ্রি. তারিখে [illegible] সকাল ১১ টায় বিলাইছড়ি উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের মাসিক উন্নয়ন/সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

উপস্থিতির স্বাক্ষর: (প্রত্যেককে মোবাইল নং সহ)

| ক্রমঃ | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উজ্জ্বলা চাকমা, ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ | 01553358413 | |
| ২ | সুনিলকান্তি দেওয়ান, চেয়ারম্যান ১নং বিলাইছড়ি ইউনিয়ন | 01556596914 | |
| ৩ | লিপিকা চাকমা, উপজেলা শিক্ষা অফিসার | 01550605507 | |
| ৪ | রিনি চাকমা, UWAO | 01556541213 | |
| ৫ | নিত্যলাল চাকমা, শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | 01557661806 | |
| ৬ | সুপ্রিয় দাশ, খাদ্য [illegible] উপজেলা খাদ্য | 01868526633 | |
| ৭ | দুর্জয় চাকমা, ইউপি সচিব ৪নং [illegible] ইউপি | 01828810053 | |
| ৮ | মিল্টু চাকমা UGDP | 01553790378 | |
| ৯ | সুবাস কুমার চৌধুরী (ভে: সার্জন) উপজেলা প্রাণিসম্পদ অফিস | 01820306025 | |
| ১০ | কানু উজ্জ্বল চাকমা, উপজেলা সমবায় অফিসার | 01556565409 | |
| ১১ | তরুণ চাকমা (প্রতিনিধি) বি আর ডি বি | 01629826981 | |
| ১২ | বিপ্লব তালুকদার, উপ-সহকারী প্রকৌশলী (DPHE) | 01887-370754 | |
| ১৩ | জীবন চাকমা, ফিল্ড অফিসার, SSS/cht | 01556604888 | |

| ক্র: নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৪ | অরূপ চাকমা<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার | 01550605512 | [signature] |
| ২৫ | মো: আমিনুল ইসলাম<br>উপজেলা নির্বাচন অফিসার | 01628549393 | [signature] |
| ২৬ | মো: আলতাফ হোসেন<br>উপজেলা প্রকৌশলী | 01881 [illegible] 27 | [signature] |
| ২৭ | মোহাম্মদ নুরুল আলম<br>SAE, BPDB, Kaptai | 01581814104 | Alam |
| ২৮ | জুমা তন<br>উপজেলা প: প: কার্যালয়<br>(প্রতিনিধি) | 01850140283 | [signature] |
| ২৯ | ডা. মো: নুরনবী হোসেন<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | 01521493872 | Alam |
| ৩০ | [illegible] | 01556-70[illegible] | [signature] |
| ৩১ | ডা: রুমি সরকার<br>UHC, Belaichari | 01618620999 | [signature] |

| ক্রঃনং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২২ | বিদ্যালাল চক্রবর্তী<br>চেয়ারম্যান<br>৩নং কাকড়া ইউ.পি. | ০১৮২৮৫০৬৬৬৬ | |
| ২৩ | | | |
| ২৪ | | | |
| ২৫ | মং মেচিং মারমা<br>তথ্যআপা প্রকল্প | 01571212951 | |